

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ওমরাহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৬৮/২০১৩/২৩২

তারিখ: ০৭ শ্রাবণ ১৪২৮
২২ আগস্ট ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে আল সাহেলা ওভারসীজ সার্ভিসেস (হ.লা. নং-৬৭৩), ১৮৪৮, হ্যাপী হাউজ, নিউ সিটি, দোগাইড পশ্চিমপাড়া, সারুলিয়া, ডেমরা, ঢাকা-১৩৬১ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। “ যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব ওমর ফারুক (মোবা: ০১৯১৬-২৭৯৪৮৪) ও জনাব মো: নাসিম (মোবা: ০১৯৮৬-৩৩৪২৬৩) কাউন্সেলর (হজ), মক্কা-আল মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপভাবে অভিযোগ দাখিল করেছেন;

“ গত ০৮.০৬.২০২২ তারিখে উক্ত হজ গ্রুপের প্রতিনিধি আরিফ হোসেন আমাদেরকে ডিজিট ভিসায় মদিনায় নিয়ে আসছিল। অথচ আমরা হজের জন্য ৫ লক্ষ ৮০ হাজার টাকা জমা দিয়েছিলাম। পরে যখন আমরা জানতে পারলাম এটা ডিজিট ভিসা। এবং আমাদের মিথ্যা কথা বলতে হবে তাই আমরা ৩ জন মদিনায় ৬ দিন অবস্থান করে বাংলাদেশে ফিরে যাই। ঐ গ্রুপে মোট হাজী ছিল ১০ জন। বাকি ৭ জন থেকে যায় এবং ডিজিট ভিসায় হজ করেছেন। পরবর্তীতে আমরা আবার ৬ লক্ষ ৪০ হাজার টাকা দিয়ে হজের ভিসায় সে আমাদের নিয়ে আসে এক্ষেত্রে পূর্বের টাকার সাথে আমরা ৬০ হাজার টাকা দিতে হয়েছে এবং হজ করার ক্ষেত্রেও কোন গাইড ছিল না। ” এবং

০৪। যেহেতু, আপনি অভিযোগকারীর নিকট ডিজিট ভিসা দিয়ে হজ পালন করিয়েছেন এবং প্রতারণার আশ্রয় নিচ্ছেন।

০৭। যেহেতু, এই ধরনের প্রতারণামূলক কার্যক্রমের জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৮। সেহেতু, হজযাত্রীর সাথে প্রতারণামূলক আচরণের জন্য কেন আপনার এজেন্সির বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার জবাব আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: ৫৫১০১১১৮
e-mail: morahajsection@gmail.com

জনাব লুৎফুন নেছা চৌধুরী
স্বত্বাধিকারী
আল সাহেলা ওভারসীজ সার্ভিসেস (হ.লা. নং-৬৭৩)
১৮৪৮, হ্যাপী হাউজ, নিউ সিটি, দোগাইড পশ্চিমপাড়া
সারুলিয়া, ডেমরা, ঢাকা-১৩৬১

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৬৮/২০১৩/২৩২

তারিখ: ০৭ শ্রাবণ ১৪২৮
২২ আগস্ট ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি হজের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. অফিস কপি

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব